# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট

**বিষয়: গণিত** **বিষয় কোড: ১০৯** **স্তর: এসএসসি**

<table>
<tr><th rowspan="2">এ্যাসাইনমেন্ট নং</th><th rowspan="2">এ্যাসাইনমেন্ট</th><th rowspan="2">শিখনফল/বিষয়বস্তু</th><th rowspan="2">নির্দেশনা<br>(সংকেত/ধাপ/পরিধি)</th><th colspan="3">মূল্যায়ন নির্দেশনা<br>(রুব্রিক্স)</th></tr>
<tr><th>প্রশ্ন</th><th>নির্দেশনা</th><th>নম্বর</th></tr>
<tr><td rowspan="10">০২</td><td rowspan="10">১।
<table>
<tr><th>চিত্র নং</th><th>চিত্র</th><th>কয়েন সংখ্যা</th></tr>
<tr><td>1</td><td></td><td>1</td></tr>
<tr><td>2</td><td></td><td>3</td></tr>
<tr><td>3</td><td></td><td>6</td></tr>
<tr><td>4</td><td></td><td>10</td></tr>
<tr><td>.....</td><td>..............</td><td>........</td></tr>
</table>
২।
<table>
<tr><th>n</th><th>সারির সংখ্যাগুলো</th><th>সারির সংখ্যাগুলোর সমষ্টি</th></tr>
<tr><td>1</td><td>1 1</td><td>1+1=2</td></tr>
<tr><td>2</td><td>1 2 1</td><td>1+2+1=4</td></tr>
<tr><td>3</td><td>1 3 3 1</td><td>1+3+3+1=8</td></tr>
<tr><td>4</td><td>1 4 6 4 1</td><td>1+4+6+4+1=16</td></tr>
<tr><td>...</td><td>... ... ... ... ... ... ...</td><td>... ... ... ... ... ... ...</td></tr>
</table></td><td rowspan="10">১। অনুক্রম ও ধারা বর্ণনা করতে ও এদের পার্থক্য নিরূপন করতে পারবে।<br><br>২। সমান্তর ধারা ব্যাখ্যা করতে পারবে।<br><br>৩। স্বাভাবিক সংখ্যার বর্গের ও ঘনের সমষ্টি নির্ণয় করতে পারবে।<br><br>৪। গুণোত্তর ধারার নির্দিষ্টতম পদ ও নির্দিষ্ট সংখ্যক পদের সমষ্টি নির্ণয়ের সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে।</td><td rowspan="2">১। ক) ১০ম চিত্রটি গঠন কর ও কয়েন সংখ্যা নির্ণয় কর।<br>(তথ্যের আলোকে চিত্র গঠন করবে ও কয়েন সংখ্যা বসাবে)</td><td rowspan="2">১। ক)</td><td>● সঠিক চিত্র গঠন ও সঠিক কয়েন সংখ্যা নির্ণয় করতে পারলে</td><td>০২</td></tr>
<tr><td>● সঠিক চিত্র অথবা সঠিক কয়েন সংখ্যা নির্ণয় করতে পারলে</td><td>০১</td></tr>
<tr><td rowspan="2">খ) প্রদত্ত তথ্যের আলোকে $n$তম চিত্রের কয়েন সংখ্যা নির্ণয় কর।<br>(সারির কয়েন সংখ্যা পর্যবেক্ষণ করে সাধারণ সূত্র গঠন করবে।)</td><td rowspan="2">১। খ)</td><td>● কয়েন সংখ্যাগুলোকে ধারায় রূপান্তর করে $n$তম চিত্রের কয়েন সংখ্যার সঠিক সাধারণ সূত্র গঠন করতে পারলে</td><td>০২</td></tr>
<tr><td>● কয়েন সংখ্যাগুলোকে ধারায় রূপান্তর করতে পারলে</td><td>০১</td></tr>
<tr><td rowspan="2">২। ক) $n = 5$ হলে ২য় কলামের সংখ্যাগুলো নির্ণয় কর এবং ছক থেকে দেখাও যে, $n = 1, 2, 3, 4$ এর আলোকে $n$তম সারির সংখ্যাগুলোর সমষ্টি $2^n$কে সমর্থন করে।<br>(তথ্যের আলোকে ২য় কলামের সংখ্যাগুলো গঠন ও সংখ্যাগুলোর সমষ্টি পর্যবেক্ষণ করবে।)</td><td rowspan="2">২। ক)</td><td>● ২য় কলামের সঠিক সংখ্যাগুলো নির্ণয় ও $n$তম সারির সংখ্যাগুলোর সমষ্টি $2^n$কে সমর্থন করতে পারলে</td><td>০২</td></tr>
<tr><td>● ২য় কলামের সঠিক সংখ্যাগুলো নির্ণয় করতে পারলে</td><td>০১</td></tr>
<tr><td rowspan="4">খ) প্রত্যেক সারির সমষ্টিগুলোকে নিয়ে একটি ধারা তৈরি কর এবং কতগুলো সারির সমষ্টিগুলোর সমষ্টি $2046$ হবে?<br><br>(সমষ্টির সূত্র ব্যবহার করবে।)</td><td rowspan="4">২। খ)</td><td>প্রত্যেক সারির সমষ্টিগুলোকে নিয়ে একটি ধারা তৈরি করলে এবং সারির সঠিক নির্ণয় করলে</td><td>০৪</td></tr>
<tr><td>● সঠিক ধারা, সমষ্টির সূত্র ও সঠিক সমীকরণ গঠন করতে পারলে</td><td>০৩</td></tr>
<tr><td>● সঠিক ধারা ও সমষ্টির সূত্র লিখতে পারলে</td><td>০২</td></tr>
<tr><td>● সঠিক ধারা গঠন করতে পারলে</td><td>০১</td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ৩। $\sum_{k=1}^{n} k^3 = 784$, যেখানে $n \in \mathbb{N}$ হলে, $\sum_{k=1}^{n} k^2$এর মান নির্ণয় কর।<br>• $n \in N$ এর জন্য স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টির ধারা গঠন করবে।<br>• স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টির সূত্রে $n$ এর মান বসাবে। | ৩। | • তথ্যের আলোকে $\sum_{k=1}^{n} k^2$এর সঠিক মান নির্ণয় করলে | ০৪ |
| | | | | | • প্রদত্ত তথ্য ব্যবহার করে $n$ এর সঠিক মান নির্ণয় ও $\sum_{k=1}^{n} k^2$ এর সমষ্টির সূত্র লিখলে | ০৩ |
| | | | | | • প্রদত্ত তথ্য ব্যবহার করে $n$ এর সঠিক মান নির্ণয় করলে | ০২ |
| | | | | | • $\sum_{k=1}^{n} k^3$এর সমষ্টির সূত্র সঠিক লিখতে পারলে | ০১ |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থ বিজ্ঞান　　　　　　বিষয় কোড: ১৩৬　　　　　　স্তর: এসএসসি

<table>
<tr><th>এ্যাসাইনমেন্ট নম্বর</th><th>এ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th></tr>
<tr>
<td>০১</td>
<td>
<table>
<tr><th>সময়($s$)</th><th>দূরত্ব($m$)</th></tr>
<tr><td>০</td><td>০</td></tr>
<tr><td>১</td><td>১</td></tr>
<tr><td>২.৫</td><td>৬.২৫</td></tr>
<tr><td>৩</td><td>৯</td></tr>
<tr><td>৪.৫</td><td>২০.২৫</td></tr>
<tr><td>৫</td><td>২৫</td></tr>
<tr><td>৬</td><td>৩৬</td></tr>
<tr><td>৭.৫</td><td>৫৬.২৫</td></tr>
</table>
সময়-দূরত্বের লেখ থেকে যেকোনো সময়ের বেগ এবং ত্বরণ নির্ণয়।<br>উপরের উপাত্ত ব্যবহার করে-<br><br>ক) লেখকাগজে (সময়-দূরত্ব) লেখ অঙ্কণ পূর্বক বিভিন্ন অবস্থানের জন্য বেগ নির্ণয় কর।<br><br>খ) 'ক' এর লেখ হতে প্রাপ্ত বেগের বিভিন্ন মানগুলো ব্যাবহার করে সময়- বেগ লেখ অঙ্কন কর। লেখের বিভিন্ন বিন্দুতে 'ঢাল' নির্ণয় করে এতদ্‌সংক্রান্ত মতামত দাও।<br><br>গ) 'খ' থেকে প্রাপ্ত ত্বরণের মানগুলো ব্যবহার করে লেখ অঙ্কণ কর।'ক','খ' ও 'গ' তে প্রাপ্ত লেখ তিনটি একই রকম কি-না যাচাই কর।
</td>
<td>লেখচিত্রের সাহায্যে গতি সম্পর্কিত রাশিসমূহের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।</td>
<td>পাঠ্য বইয়ের ৫০-৫২ পৃষ্ঠায় বর্ণিত অংশ অনুসরণ কর।</td>
<td>'ক' ০৫<br>• কোনো লেখ অঙ্কন করতে না পারলে-০<br>• কেবল লেখ অঙ্কন করলে-১<br>• অক্ষদ্বয়ে যথাযথ রাশি (সময়-দূরত্ব ) প্রদর্শন করতে পারলে-২<br>• অক্ষদ্বয়ে যথাযথ রাশি (সময়-দূরত্ব ) প্রদর্শন করে লেখকাগজের প্রতিটি ক্ষুদ্রতম বর্গের মান ঠিকভাবে নির্ধারণ করতে পারলে-৩<br>• অধিকাংশ নির্ণীত বেগের মান ঠিক হলে - ৪<br>• উপরোক্ত সবগুলো শর্ত পূরণ সাপেক্ষে বেগের মান ঠিক হলে - ৫<br>'খ' ০৩<br>• কোনো যথাযথ উত্তর প্রদান না করলে-০<br>• যথাযথ লেখ অঙ্কন করলে -১<br>• ঢাল নির্ণয় করতে পারলে-২<br>• ঢাল নির্ণয় করে মতামত দিতে পারলে-৩<br>'গ' ০২<br>• কোনো যথাযথ উত্তর প্রদান না করলে-০<br>• যথাযথ লেখ অঙ্কন করলে -১<br>• গ্রহনযোগ্য কারণ লিখতে পারলে- ২</td>
</tr>
</table>

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩ স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | এ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নির্দেশক | ৪ | ৩ | ২ | ১ |
| ১ | বাংলাদেশে শিল্পের উপর ব্যবসায়িক পরিবেশের উপাদানের প্রভাব। | • ব্যবসায়ের ধারণা ব্যাখ্যা করতে পারব<br>• ব্যবসায়ের উপর প্রভাব বিস্তারকারি পরিবেশের উপাদানগুলো চিহ্নিত করতে পারব। | • ব্যবসায়ের ধারণা<br>• ব্যবসায় পরিবেশের ধারণা<br>• বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশ | ব্যবসায়ের ধারণা | প্রয়োজনীয় উদাহরণসহ সাবলীলভাবে সবিস্তারে লিখলে | প্রয়োজনীয় উদাহরণসহ সবিস্তারে লিখলে | উদাহরণ ব্যাতিত সবিস্তারে লিখলে | আংশিক ব্যাখ্যা লিখলে |
| | | | | ব্যবসায় পরিবেশের ধারণা | প্রয়োজনীয় উদাহরণসহ সাবলীলভাবে সবিস্তারে লিখলে | প্রয়োজনীয় উদাহরণসহ সবিস্তারে লিখলে | উদাহরণ ব্যাতিত সবিস্তারে লিখলে | আংশিক ব্যাখ্যা লিখলে |
| | | | | বাংলাদেশে ব্যবসায়িক পরিবেশ | কমপক্ষে ৪টি উপাদান পর্যাপ্ত তথ্য ও উদাহরণসহ ব্যাখ্যা করলে | কমপক্ষে ৩টি উপাদান পর্যাপ্ত তথ্য ও উদাহরণসহ ব্যাখ্যা করলে | কমপক্ষে ২টি উপাদান পর্যাপ্ত তথ্য ও উদাহরণসহ ব্যাখ্যা করলে | কমপক্ষে ১টি উপাদান পর্যাপ্ত তথ্য ও উদাহরণসহ ব্যাখ্যা করলে |
| | | | | ভাষা, ব্যাকরণ, সৃজনশীলতা ও উপস্থাপনা | নির্ভুল, সৃজনশীল ও আকর্ষণীয় হলে | নির্ভুল, সৃজনশীল ও সন্তোষজনক হলে | আংশিক সঠিক, সাদামাটা উপস্থাপন ও সৃজনশীলতার অভাব পরিলক্ষিত হলে | আংশিক সঠিক ও সৃজনশীলতার অভাব পরিলক্ষিত হলে |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট

বিষয়: ভূগোল ও পরিবেশ | বিষয় কোড: ১১০ | স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | এ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ১ (প্রথম অধ্যায়: ভূগোল ও পরিবেশ) | পরিবেশের উপাদানসমূহের সাথে মানুষের আন্তঃসম্পর্ক নিরূপণ | • ভূগোলের ধারণা, পরিবেশের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• ভূগোলের পরিধি বর্ণনা করতে পারবে।<br>• ভূগোল ও পরিবেশ পাঠের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>• ভূগোল ও পরিবেশের উপাদানসমূহের আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। | • ভূগোলের ধারণা ও পরিবেশের ধারণা, ভূগোলের পরিধি ও পরিবেশের উপাদান বর্ণনা<br>• পরিবেশের উপাদানগুলোকে শনাক্ত করে এগুলো মানুষের সাথে কীভাবে সম্পর্কিত তা নিরূপণ<br>• পরিবেশের প্রাকৃতিক ও মানবিক উপাদানগুলো যে পরস্পরের সাথে ওতপ্রোতভাবে জড়িত তা প্রদর্শন করে এগুলোর গুরুত্ব ব্যাখ্যা | |

| নির্দেশক | সক্ষমতার মাত্রা | | | | |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
| ক. ভূগোলের ধারণা ও পরিবেশের ধারণা | ভূগোলের ধারণা ও পরিবেশের ধারণা পূর্ণভাবে লিখলে | ভূগোলের ধারণা ও পরিবেশের ধারণা আংশিক লিখলে | শুধু ভূগোলের ধারণা লিখলে | শুধু পরিবেশের ধারণা লিখলে | |
| খ. ভূগোলের পরিধি ও পাঠের গুরুত্ব ব্যাখ্যা | ভূগোলের পরিধি ও পাঠের গুরুত্ব পূর্ণভাবে লিখলে | পরিবেশের উপাদানগুলো, ভূগোলের পরিধি ও পাঠের গুরুত্ব আংশিক লিখলে | শুধু ভূগোলের পরিধি লিখলে | শুধু ভূগোল পাঠের গুরুত্ব লিখলে | |
| গ. পরিবেশের উপাদানগুলো শনাক্ত করে মানুষের সাথে এর সম্পর্ক ব্যাখ্যা | পরিবেশের উপাদানগুলো শনাক্ত করে মানুষের সাথে এর সম্পর্ক সঠিকভাবে ব্যাখ্যা করলে | পরিবেশের উপাদানগুলো শনাক্ত করে মানুষের সাথে এর সম্পর্ক আংশিক ব্যাখ্যা করলে | শুধু প্রাকৃতিক উপাদান শনাক্ত করলে | শুধু মানবিক উপাদান শনাক্ত করলে | |
| ঘ. পরিবেশের প্রাকৃতিক ও মানবিক উপাদানের আন্তঃসম্পর্ক প্রদর্শন করে এর গুরুত্ব ব্যাখ্যা | প্রাকৃতিক ও মানবিক উপাদানের আন্তঃ সম্পর্ক প্রদর্শন করে এর গুরুত্ব সঠিকভাবে ব্যাখ্যা করলে | প্রাকৃতিক ও মানবিক উপাদানের আন্তঃ সম্পর্ক প্রদর্শন করে এর গুরুত্ব আংশিক ব্যাখ্যা করলে | শুধু প্রাকৃতিক ও মানবিক উপাদানের সাথে আন্তঃসম্পর্ক লিখলে | প্রাকৃতিক ও মানবিক উপাদানসমূহের গুরুত্ব ব্যাখ্যা করলে | |

| | | |
|---|---|---|
| ১ | ১৩-১৬ | অতি উত্তম |
| ২ | ৯-১২ | উত্তম |
| ৩ | ৪-৮ | ভালো |
| ৪ | ০-৩ | অগ্রগতি প্রয়োজন |